

DRAFT NRC LIST IN ASSAM

One lakh more names dropped

Final version of list set to be published on July 31

THE HINDU ONLINE

The office of the Coordinator for the National Register of Citizens (NRC) in Assam yesterday published an "additional draft exclusion list" consisting the names of 1,02,462 people.

This list is different from the one containing the names of 40.07 lakh people who were excluded last year from the 3.29 crore applicants.

On this additional list are those whose names were included in the draft NRC published on July 30, 2018 but were subsequently found to be ineligible for three reasons.

"People found to be declared foreigners or doubtful (D) voters or with cases pending at Foreigners' Tribunals discovered after publication

SEE PAGE 9 COL 1

A part of Kulaghat-Shiberkuti road in Lalmonirhat town was washed away by the overflowing Dharla river early yesterday. This is the only road connecting Shiberkuti and Boalomari villages to the town.

PHOTO: S DILIP ROY

Another 20 return home

With them, 52 of the 65 Bangladeshis stuck in Mediterranean now home

STAFF CORRESPONDENT

Twenty more Bangladeshi migrants, who had been stranded in the Mediterranean Sea off the Tunisian coast of Zargis for some three weeks, returned home yesterday afternoon.

"They arrived in the Hazrat Shahjalal International Airport at 5:10pm and are going through the immigration," said Tanvir Hossain, assistant director of the Bureau of Manpower Employment and Training

SEE PAGE 9 COL 6

Ershad taken to ICU

STAFF CORRESPONDENT

Jatiya Party Chairman HM Ershad, who has been suffering from multiple health condi-tions for about nine months now, was admitted to the Combined Military Hospital (CMH) in Dhaka yesterday.

"He is undergoing treatment for acute knee pain, liver complications, low hemoglobin, and high bilirubin," said Ershad's Press Secretary Shunil Shuvo Roy.

"Condition of the 89-year-old politician was

SEE PAGE 9 COL 6

Oli eyes new alliance to 'free Khaleda'

Announcement likely today

MOHAMMAD AL-MASUM MOLLA

Oli Ahmed, president of the Liberal Democratic Party, a component of the BNP-led 20-party combine, is likely to announce the formation of a separate political alliance for the release of Khaleda Zia.

The move may come as the BNP leadership has "completely" failed to free Khaleda, who has been in jail in two corruption cases since February last year, said senior LDP leaders.

The alliance would comprise like-minded parties of the LDP, they said, but did not give their names.

They also said the LDP would not leave the 20-party combine.

Talking to The Daily Star, LDP sources said Oli, a founding member of the BNP, may hold a press conference

SEE PAGE 9 COL 2

ACC seeks travel ban on Basir

Bribe allegation 'true'

STAFF CORRESPONDENT

The Anti-Corruption Commission (ACC) yesterday issued instructions to bar its director Khandaker Enamul Basir from leaving the

SEE PAGE 9 COL 4

PRAYER TIMING JUNE 27

	Fazr	Zohr	Asr	Maghrib	Esha
AZAN	4-05	12-45	5-00	6-54	8-17
JAMAAT	4-40	1-15	5-15	6-57	8-45

SOURCE: ISLAMIC FOUNDATION

Dead decorative plants on the footbridge have become eyesores at College Gate on Mirpur Road in the capital. Due to a lack of maintenance, the pots are now full of weed. The photo was taken yesterday. PHOTO: PALASH KHAN

56 lakes found under Greenland ice sheet

INDEPENDENT.CO.UK

More than 50 lakes have been discovered beneath the Greenland ice sheet, which scientists say could be home to examples of "extreme life".

The 56 subglacial lakes range in length from 200 metres up to 5.9km, and bring the total known number of lakes under the ice sheet to 60.

Greenland covers an area roughly seven times the size of the UK, and its

SEE PAGE 9 COL 6

RUSSIA PROBE

Mueller to testify in open session

AFP, *Washington*

Former US special counsel Robert Mueller is to testify in public about his report into Russian electoral interference, paving the way for a historic television moment in which Democrats will attempt to make the case for President Donald Trump's impeachment before the American people.

The scrupulously tight-lipped Mueller will appear at back-to-back hearings on July 17 of the House Judiciary and Intelligence Committees, which announced Tuesday that the prosecutor had agreed to abide by subpoenas for his testimony.

"Russia attacked our democracy to help Trump win. Trump welcomed and used that help," House Intelligence Committee chairman Adam Schiff said on Twitter.

"As Mueller said, that should concern every American. And now, every American will get to hear directly from Mueller."

Trump's apparent response to the announcement came swiftly in a two-word tweet in which he complained, without referring to Mueller, of "Presidential Harassment!"

The Mueller report released in April outlined numerous contacts

SEE PAGE 9 COL 2

শতভাগ রাষ্ট্রীয় মালিকানাধীন ধারাবাহিক লাভজনক প্রতিষ্ঠান প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড-কে বন্ধ হওয়ার উপক্রম থেকে রক্ষাকল্পে

মাননীয় প্রধানমন্ত্রীর সদয় হস্তক্ষেপ ও সহযোগিতার আকুল আবেদন।

বিশ্বনন্দিত জননেত্রী, বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা, আধুনিক সোনার বাংলার স্বপ্ন বাস্তবায়নের কারিগর, মাদার অব হিউমিনিটি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানাচ্ছি যে, প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ শতভাগ রাষ্ট্রীয় মালিকানাধীন লাভজনক একটি শিল্প প্রতিষ্ঠান। চলমান উন্নয়নশীল বাংলাদেশের উন্নয়নে প্রতিষ্ঠানটি সক্রিয় অংশীদার। বিগত এক দশক ধরে সরকারের পৃষ্ঠপোষকতায় প্রগতি অবিরতভাবে দেশের অর্থনৈতিক ও আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রেখে চলছে। স্থানীয়ভাবে গাড়ি উৎপাদনে স্বয়ম্ভরতা অর্জনের নিমিত্ত প্রগতিকে 'প্রগ্রেসিভ ম্যানুফ্যাকচারিং প্লান্টে' উত্তোরণের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা বাস্তবায়নে প্রগতি, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন এবং শিল্প মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। কিন্তু কিছু অতি সাধারণ বিষয় প্রগতির উন্নয়নের পথে অন্তরায় সৃষ্টি করছে, যা নিরসনে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় হস্তক্ষেপ ও সহযোগীতা অপরিহার্য বলে প্রতীয়মান হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর সমীপে প্রগতির একটি সংক্ষিপ্ত চিত্র নিম্নোক্তভাবে উপস্থাপন করা হলোঃ

সংক্ষিপ্ত বিবরণঃ ইংল্যান্ডের জেনারেল মোটরস-এর কারিগরী সহযোগিতায় চট্টগ্রামের বাড়বকুন্ডে ১৯৬৬ সালে ব্যক্তি মালিকানায় গাড়ি সংযোজন কারখানা 'গান্ধারা ইন্ডাষ্ট্রিজ লিঃ' প্রতিষ্ঠিত হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর হাতের অকৃত্রিম স্পর্শে ১৯৭২ সালে প্রতিষ্ঠানটিকে প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ (পিআইএল) নামে জাতীয়করণ করা হয়। এটি বাংলাদেশে গাড়ি সংযোজনকারী একমাত্র রাষ্ট্রায়ত্ব শিল্প প্রতিষ্ঠান। স্বাধীনতা উত্তরকালে ইংল্যান্ডের বেডফোর্ড বাস ও ট্রাক সংযোজন ও সরবরাহ করে দেশের যুদ্ধবিধস্থ সড়ক পরিবহণ সেক্টরের উন্নয়নে এককভাবে পথিকৃতের ভূমিকা পালন করে। পরবর্তীতে জাপানের মিৎসুবিসি, নিশান ও ইসুজুসহ ভারত, চীন, কোরিয়া ইত্যাদি দেশ থেকে বিভিন্ন ব্রান্ডের গাড়ির সিকেডি আমদানীপূর্বক সংযোজন ও বাজারজাত করে আসছে। ১৯৮২-৮৩ সালে মাত্র ১০% ডাউনপেমেন্ট ও অবশিষ্ট মূল্য ২৪/৩৬টি সমান মাসিক কিস্তিতে পরিশোধের শর্তে দরিদ্র জনসাধারণের নিকট বাস, ট্রাক সরবরাহ করে দেশে সর্বপ্রথম মাইক্রোক্রেডিট অর্থনীতির সূচনা করে। এতে বেকারত্ব নিরসন ও আর্থসামাজিক উন্নয়নে প্রগতি অসামান্য অবদান রাখে। স্বাধীনতার পর থেকে এ পর্যন্ত প্রতিষ্ঠানটি বিভিন্ন মডেলের প্রায় ৬০,০০০ ইউনিট গাড়ি সংযোজনপূর্বক স্থানীয় বাজারে বিক্রয় করেছে।

প্রগতি বিগত প্রায় ০৭ (সাত) বছরেরও অধিক সময় হতে জাপানের মিৎসুবিসি মোটরস করপোরেশনের পাজেরো স্পোর্ট সিআর-৪৫/পাজেরো স্পোর্ট (কিউএক্স) জীপ এর সিকেডি আমদানী ও সংযোজনপূর্বক স্থানীয়ভাবে বাজারজাত করছে। ইহাই প্রগতির প্রধানতম উৎপাদিত পণ্য। তাছাড়া, পিআইএল মিৎসুবিসি এল-২০০ ডাবল কেবিন পিকআপ, টয়োটা এ্যাম্বুলেন্স, মাইক্রোবাস ইত্যাদি সিবিইউ অবস্থায় আমদানী করে বাজারজাত করছে। এতে দেশের বৈদেশিক মুদ্রা সাশ্রয়সহ স্বল্প সময়ের মধ্যে বিভিন্ন সরকারি,আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের গাড়ির চাহিদা পূরণ হচ্ছে। গত ২০১৭-১৮ অর্থবছরে সর্বোচ্চ ২৯৩.৯৬ কোটি (শুল্ক ও ভ্যাট ২৫৫.০১+আয়কর ৩৮.৯৫ কোটি) টাকাসহ বিগত ১০ (দশ) বছর যাবৎ প্রতিষ্ঠানটি ধারাবাহিকভাবে উল্লেখযোগ্য হারে মুনাফা অর্জনপূর্বক সরকারি কোষাগারে বার্ষিক গড়ে প্রায় ১৭০.০০ কোটি টাকা হারে অর্থ জমা প্রদান করে দেশের অর্থনৈতিক ও আর্থসামাজিক উন্নয়নে অবদান রেখে আসছে। প্রগতি নিম্নে বর্ণিত কয়েকটি বৃহদায়তন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের পরিকল্পনা নিয়ে প্রগতি অগ্রসর হচ্ছেঃ

ক. বিশ্বমানের অত্যাধুনিক অটোমেটিক সংযোজন কারখানা স্থাপন প্রকল্পঃ প্রগতিকে প্রগ্রেসিভ ম্যানুফ্যাচারিং প্লান্টে উত্তোরণ করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা রয়েছে। প্রগ্রেসিভ ম্যানুফ্যাচারিং প্লান্টে উত্তোরণের পূর্ব শর্ত হচ্ছে আধুনিক স্বয়ংসম্পূর্ণ একটি এ্যাসেম্বলী প্লান্ট, যাতে আধুনিক মানের পেইন্ট শপ, মেশিনশপ, বডিশপসহ প্রয়োজনীয় সকল সুবিধা থাকবে। প্রগতি'র বিদ্যমান কারখানার প্লান্ট মেশিনারীজ ও সকল অবকাঠামো ৫০ বছরের পুরাতন। বর্তমানে সংযোজন সক্ষমতা খুবই সীমিত। প্রগ্রেসিভ ম্যানুফ্যাচারিং প্লান্টে উত্তোরণের লক্ষ্যে অটোমেশন পদ্ধতির দুই শিফটে বার্ষিক ৫০/৬০ হাজার গাড়ি সংযোজনের সক্ষমতা সম্পন্ন একটি আধুনিক নতুন সংযোজন কারখানা স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে অভিজ্ঞ বিদেশী কনসালটেন্ট নিয়োগের লক্ষ্যে ইতিমধ্যে Expressions of Interest (EOI) আহবান, প্রাপ্ত EOI মূল্যায়ন ও সংক্ষিপ্ত তালিকা চূড়ান্ত করে Request for Financial Proposal (RFP) আহবান করা হয়েছে। ২৫-০৬-২০১৯ইং এ আহবানকৃত RFP প্রস্তাব গ্রহণ করা হয়েছে । কনসালট্যান্ট নিয়োগসহ আগামী আড়াই বছরের মধ্যে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণের পরিকল্পনা আছে। এ্যাসেম্বলী কারখানা স্থাপনের পর বিশ্বমানের যে কোন মডেলের গাড়ি সংযোজনের পূর্ণ সক্ষমতা অর্জন এবং আগামী ৫/৭ বছরের মধ্যে ম্যানুফ্যাকচারিং প্লান্টে উন্নীত করা যাবে বলে আশা করা যায়। প্রগ্রেসিভ ম্যানুফ্যাকচারিং প্ল্যান্টে উন্নীতকরণের জন্য জাপানের মিৎসুবিসি মোটরস করপোরেশনের কারিগরি সহায়তা, পার্টস লোকালাইজেশন ও বিনিয়োগ ইত্যাদি বিষয়ে আলোচনা ও যোগাযোগ অব্যাহত আছে। পার্টস লোকালাইজেশনের জন্য মিৎসুবিসি'র প্রস্তাব অনুযায়ী বাজার ও সম্ভাব্যতা যাচাই এর পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। নতুন এসেম্বলী কারখানা চালু হওয়ার পর বিভিন্ন উৎপাদনকারী প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক গাড়ি সংযোজনের সক্ষমতা অর্জিত হবে। সরকারি পৃষ্টপোষকতায় স্থানীয়ভাবে Vendor Develop হলে পর্যায়ক্রমে Parts Deletion Method-এ ২০২২-২৩ অর্থ-বছর হতে প্রগতি প্রগ্রেসিভ ম্যানুফেকচারিং প্ল্যান্টে রুপান্তরিত হবে বলে আশা করা যায়।

খ. পার্টস লোকালাইজেশনঃ মোটর পার্টস উৎপাদন কারখানা স্থাপনের লক্ষ্যে মিরশ্বরাই অর্থনৈতিক অঞ্চল হতে ৫০ (পঞ্চাশ) একর জমি লীজ নেওয়ার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। মিৎসুবিসি মোটরস করপোরেশনের কারিগরি সহায়তা ও বিনিয়োগ পাওয়া গেলে আগামী ০৫ (পাঁচ) বছরের মধ্যে মোটর পার্টস উৎপাদন কারখানা স্থাপনসহ বাণিজ্যিক উৎপাদন শুরু করা যাবে বলে আশা করা যায়।

গ. স্থানীয়ভাবে ডাবল কেবিন পিকআপ সংযোজন ও অন্যান্য প্রকল্পঃ দেশে প্রথমবারের মত প্রগতির বিদ্যমান কারখানায় ডাবল কেবিন পিকআপ সংযোজন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে জাপানের মিৎসুবিসি মোটরস করপোরেশনের এক্সপোর্টিং এজেন্ট কোকুসাই লিংকস কোং লিঃ এর সাথে প্রাথমিক চুক্তিপত্র সম্পাদিত হয়েছে। সিকেডি প্রজেক্ট Kick off Meeting & Production Planing meeting (PPM) অনুষ্ঠিত হয়েছে। আগামী নভেম্বর'২০১৯ মাসে পরীক্ষামূলক সংযোজন ও আগামী এপ্রিল ২০২০খ্রিঃ হতে বাণিজ্যিক সংযোজনের কাজ শুরু হবে বলে আশা করা যায়। উক্ত প্রকল্প বাস্তবায়িত হলে অপেক্ষাকৃত অনেক কম মূল্যে ক্রেতা প্রতিষ্ঠানসমূহের চাহিদা পূরণ করা যাবে। এতে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রার সাশ্রয়, সরকারের গাড়ি ক্রয় খাতে ব্যয় হ্রাস, সরকারের রাজস্ব আয় ও কর্মসংস্থান বৃদ্ধির সুযোগ সৃষ্টি হবে। তাছাড়াও, নিজস্ব অর্থায়নে ৩৮৬.৮২ কোটি টাকা ব্যয়ে ঢাকায় অত্যাধুনিক সার্ভিস সেন্টার/ওয়ার্কসপ সমেত তিন বেইজমেন্টবিশিষ্ট ৩৭ (সাইত্রিশ) তলা ভিত্তিবিশিষ্ট ১৪ (চৌদ্দ) তলা বাণিজ্যিক ভবন নির্মাণ এবং খুলনা, বগুড়া, কুমিল্লাসহ সকল বিভাগীয় শহরে সার্ভিস সেন্টার, অফিস ও শোরুম স্থাপনের পরিকল্পনা বাস্তবায়নাধীন আছে।

বিদ্যমান সমস্যা (সিকেডি জীপের সংজ্ঞা)ঃ জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-৯(৪)কাস-১/৯৩/(অংশ-১)/১৬২/(১-৯)তারিখ ০৯-০৪-১৯৯৭খ্রিঃ মোতাবেক নির্ধারিত সিকেডি জীপ এর সংজ্ঞায় ১৬ (ষোল)টি কনফিগারেশন আছে। এর মধ্যে ০১ (এক)টি "সিকেডি'র বডি বলতে কেবিনের বিভিন্ন অংশ আলাদা আলাদা থাকবে যেমন-ছাদ, ফ্লোর, সাইড, ব্যাক ও ফ্রন্ট, বনেট, ফেন্ডারসমূহ, দরজা, ড্রাইভার সিট, উইন্ডশীল, কাউল ইত্যাদি সবই আলাদা থাকবে। রং করা ছাড়া থাকবে।" বিগত ৭ (সাত) বছর যাবৎ মিৎসুবিসি মোটরস করপোরেশন, জাপান হতে আমদানীকৃত জীপের 'বডি' যেমনঃ ছাদ, ফ্লোর, সাইড, ব্যাক ও ফ্রন্ট বনেট, ফেন্ডারসমূহ, দরজা, ড্রাইভার সিট, উইন্ডশীল্ড, কাউল ইত্যাদি রং করা অবস্থায় প্যাকিং সুবিধার জন্য অস্থায়ী নাট দ্বারা সংযুক্ত করে প্রেরণ করে থাকে। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ১৯৯৭ সালে নির্ধারিত সিকেডি'র সংজ্ঞা মোতাবেক আমদানীকৃত সিকেডি জীপের ক্ষেত্রে ১৫টি কনফিগারেশন সঠিক থাকা সত্বেও বডি'র ক্ষেত্রে উপরিউল্লিখিত ব্যত্যয় পরিলক্ষিত হওয়ায় চট্টগ্রাম কাস্টমস হাউস সিকেডি হিসেবে আমদানীকৃত জীপ নির্ধারিত টিটিআই ১৯৯% হারে শুল্কায়ন না করে এর পরিবর্তে সিবিইউ (সম্পূর্ণ তৈরী) জীপের জন্য নির্ধারিত টিটিআই হার ৩৭২% হারে শুল্কায়ন করার দাবী করে আসছে। কিন্তু বিগত ০৭ (সাত) বছর যাবৎ সিকেডি পণ্য হিসেবে খালাস করা গেলেও হঠাৎ করে সেপ্টেম্বর, ২০১৮ হতে অদ্যাবধি কাস্টমস কর্তৃপক্ষ সিবিইউ গাড়ি হিসেবে শুল্কায়নের দাবী করছে। এমতাবস্থায়, সিকেডি'র সংজ্ঞা সংশোধনের জন্য শিল্প মন্ত্রণালয় গত ০৯-০৯-২০১৮ তারিখে জাতীয় রাজস্ব বোর্ড বরাবর প্রস্তাব এবং গত ২১-০৫-২০১৯ তারিখে তাগাদা পত্র প্রেরণ করে। চলতি ২০১৮-১৯ অর্থবছরে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বাংলাদেশ পুলিশ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়সহ কয়েকটি সরকারি প্রতিষ্ঠানের নিশ্চিত কার্যাদেশের প্রেক্ষিতে সিকেডি অবস্থায় আমদানীকৃত এবং চট্টগ্রাম বন্দরে আগত ১৯০ ইউনিট জীপ প্রগতি কর্তৃক খালাস করা সম্ভব হচ্ছে না। সিবিইউ (সম্পূর্ণ তৈরী) জীপের জন্য নির্ধারিত টিটিআই হারে আলোচ্য গাড়ি খালাস করা হলে প্রতিটি জীপের বিক্রয় মূল্য দাঁড়াবে প্রায় ১.৪০ কোটি টাকা। অথচ অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রতিটি জীপের বিক্রয় মূল্য নির্ধারিত আছে ৯১.৬৬ লক্ষ টাকা। উল্লেখ্য যে, প্রগতি কর্তৃক আমদানীকৃত উক্ত জীপের সমমানের কোন জীপ একমাত্র প্রগতি ছাড়া কেউ আমদানী ও সংযোজন করে না। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, শিল্প মন্ত্রণালয় নিয়ন্ত্রণাধীন শিল্প কারখানা কর্তৃক আমদানীকৃত পণ্যের সংজ্ঞা বিশেষ করে গাড়ির ক্ষেত্রে সিকেডি ও সিবিইউ গাড়ির সংজ্ঞা নির্ধারণ, সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন সম্পূর্ণ শিল্প মন্ত্রণালয়ের এখতিয়ারাধীন বিধায় শিল্প মন্ত্রণালয়ের সুপারিশ মোতাবেক জাতীয় রাজস্ব বোর্ড তথা অর্থ মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশনা/এস.আর.ও জারী করতে পারে। প্রগতি কর্তৃক আমদানীকৃত/আমদানীতব্য জীপের সিকেডি সংজ্ঞা সংশোধন ও ডাবল কেবিন পিকআপের সিকেডির (কমপ্লিট নক ডাউন) সংজ্ঞা নির্ধারণে শিল্প মন্ত্রণালয়ের প্রেরিত প্রস্তাব নিম্নরূপঃ

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গৃহিত 'বডি'র সংজ্ঞা	শিল্প মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত সংশোধনী 'বডি'র সংজ্ঞা
কেবিনের বিভিন্ন পার্ট আলাদা আলাদা থাকিবে যেমন-ছাদ, ফ্লোর, সাইড, ব্যাক ও ফ্রন্ট বনেট, ফেন্ডারসমূহ, দরজা, ড্রাইভারসিট, উইন্ডশীল্ড, কাউল ইত্যাদি। রং করা ছাড়া থাকবে।	বডি রং করা ব্যতীত অথবা রং করাসহ থাকবে। রং করা ব্যতীত থাকলে কেবিনের বিভিন্ন পার্ট আলাদা আলাদা থাকবে যেমন-ছাদ, ফ্লোর, সাইড, ব্যাক ও ফ্রন্ট, বনেট, ফেন্ডারসমূহ, দরজা, ড্রাইভার সিট, উইন্ডশীল্ড, কাউল ইত্যাদি) রং করা থাকিলে প্যাকিং সুবিধার জন্য কেবিনের বিভিন্ন পার্ট ফলস নাট দ্বারা সংযুক্ত থাকতে পারবে (যেমন-ছাদ, ফ্লোর, সাইড, ব্যাক ও ফ্রন্ট বনেট, ফেন্ডারসমূহ, দরজা, ড্রাইভার সিট, উইন্ডশীল্ড, কাউল ইত্যাদি)

২। দেশে প্রথম বারের মত বাস্তবায়নাধীন মিৎসুবিসি এল-২০০ ডাবল কেবিন পিকআপ সংযোজন প্রকল্প টেকসই বাস্তবায়নের স্বার্থে একইভাবে অর্থাৎ ২০০১ হতে ৩০০০ সিসি ডাবল কেবিন পিকআপের সিকেডির সংজ্ঞা একইভাবে নির্ধারণ করা প্রয়োজন। অন্যথায় সম্পাদিত চুক্তি অনুযায়ী ডাবল কেবিন পিকআপ সংযোজন প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব হবেনা।

জাতীয় রাজস্ব বোর্ডের করণীয়ঃ প্রগতি কর্তৃক আমদানীতব্য এবং বর্তমানে সিকেডি অবস্থায় আমদানিকৃত জীপ শিল্প মন্ত্রণালয়ের প্রস্তাব অনুযায়ী সিকেডির সংজ্ঞা সংশোধন করে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এস.আর.ও জারী এবং ডাবল কেবিন পিকআপ সংযোজনের প্রকল্প বাস্তবায়নের জন্য একইভাবে পিকআপের সিকেডির সংজ্ঞা নির্ধারণ করে প্রয়োজনীয় এস,আর,ও জারী করা প্রয়োজন।

শিল্প মন্ত্রণালয়ের প্রস্তাব অনুযায়ী জীপের সিকেডি'র সংজ্ঞা সংশোধন এবং ডাবল কেবিন পিকআপের সিকেডি'র সংজ্ঞা নির্ধারণ করা না হলে নিম্নোক্ত পরিণতি ঘটতে পারেঃ

১। শুধুমাত্র ১ (এক)টি শর্তের ব্যত্যয়ের জন্য সিকেডি অবস্থায় আমদানীকৃত গাড়িকে সিবিইউ পণ্য হিসেবে বিবেচনা করে শুল্কায়ন করলে আমদানীকৃত বা আমদানীতব্য গাড়ির বিক্রয় মূল্য অনেক বেশী বৃদ্ধি পাবে, যা বরাদ্দকৃত সরকারি বাজেট সীমার মধ্যে থাকবে না এবং গাড়ি ক্রয় খাতে সরকারের ব্যয় বহুগুণ বৃদ্ধি পাবে এবং চলতি অর্থ বছরের এডিপিতে গাড়ি ক্রয় খাতে বরাদ্ধ অব্যয়িত থাকবে।

২। প্রগতির প্রধান উৎপাদিত/সংযোজিত পণ্য পাজেরো স্পোর্ট (কিউএক্স) জীপের আমদানী ও সংযোজন বন্ধ হয়ে যাবে। মিৎসুবিশি'র সাথে প্রগতির সম্পাদিত কম্পোনেন্ট সাপ্লাই চুক্তির শর্ত মোতাবেক প্রতি বছর কমপক্ষে ৪০০ (চারশত) ইউনিট সিকেডি আমদানী করতে না পারলে চুক্তির শর্ত ভঙ্গজনিত কারণে চুক্তিপত্র বাতিল হবে। পিআইএল'র সামগ্রিক ব্যবসা হুমকির সম্মুখিন হবে এবং প্রগ্রেসিভ ম্যানুফ্যাকচারিং প্ল্যান্টে উত্তোরণের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা, স্থানীয়ভাবে গাড়ি তৈরীর জাতীয় আকাঙ্খা অংকুরে বিনষ্ট হবে। ধারাবাহিক লাভজনক এ প্রতিষ্ঠানটি বন্ধ হয়ে যাবে এবং বর্তমান সরকারের আমলে গৃহীত একটি অত্যাধুনিক অটোমেটিক গাড়ি সংযোজন কারখানা স্থাপনের পরিকল্পনাসহ বৃহদাকারের উন্নয়ন পরিকল্পনাসমূহ অবাস্তবায়িত থেকে যাবে। একই সাথে স্থানীয় গাড়ি সংযোজন শিল্পের বিকাশ, কর্মসংস্থান, সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন, স্থানীয় বাজারে গাড়ির মূল্য নিয়ন্ত্রণ ইত্যাদি বাধাগ্রস্ত হবে।

উপরিউল্লিখিত অবস্থার প্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয়ের প্রস্তাব অনুযায়ী প্রগতি কর্তৃক আমদানীকৃত/আমদানীতব্য জীপের সংজ্ঞা সংশোধন ও ডাবল কেবিন পিকআপের সংজ্ঞা একইভাবে নির্ধারণ করে প্রয়োজনীয় এস,আর,ও জারীর নিমিত্ত জাতীয় রাজস্ব বোর্ডকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নিকট আকুল আবেদন জানাচ্ছি।

বিনীত নিবেদক
প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ এর শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাবৃন্দ

GD-1154

EDITOR & PUBLISHER : MAHFUZ ANAM. Printed by him from Transcraft Ltd, 229, Tejgaon Industrial Area, Dhaka-1208 on behalf of Mediaworld Ltd, 52, Motijheel C/A, Dhaka-1000. Editorial, News & Commercial Offices: 64-65, Kazi Nazrul Islam Avenue, Dhaka-1215, Tel: 09610222222, 9144330 & 9117796, Fax: 58156306, GPO Box No: 3257, for Advertisement: 01711623910, e-mail: editor@thedailystar.net, reporting@thedailystar.net, advertisement@thedailystar.net